

# গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক

সচিবালয়: বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্ড

বাড়ি নং-২০, রোড নং-১১ (নতুন) ৩২ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা-১২০৯

তারিখ: ৭ ফেব্রুয়ারি ২০২৪

## প্রেস বিজ্ঞপ্তি

### রাজধানীর মোহাম্মদপুরের শাহজাহান রোডে কিশোরী গৃহকর্মী প্রীতি উড়াং হত্যার ঘটনা তদন্ত করে দোষীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার দাবী গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্কের

রাজধানীর মোহাম্মদপুরের শাহজাহান রোডের একটি বহুতল ভবন থেকে পড়ে প্রীতি উড়াং (১৫) নামের এক কিশোরী গৃহকর্মী মৃত্যুর ঘটনায় গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক গভীর উদ্বেগ প্রকাশ করেছে। একই সাথে এ ঘটনার প্রকৃত কারণ উদঘাটন করে দায়ী ব্যক্তিদের বিচার করে এ ধরনের ঘটনা বন্ধে যথাযথ পদক্ষেপ নেয়ার জন্য সরকার ও প্রশাসনের প্রতি আহ্বান জানাচ্ছে।

সংবাদপত্রে প্রকাশিত সংবাদে জানা যায়, প্রীতি উড়াং মৌলভীবাজারের কমলগঞ্জ উপজেলার মিরতিংগা গ্রামের লোকেশ উড়াং এর মেয়ে। চা বাগানে তেমন কাজ না থাকায় গত ছয় মাস আগে প্রীতির মামা ফুলসাঁই এর মাধ্যমে ঢাকায় রাজধানীর মোহাম্মদপুরের শাহজাহান রোডের ডেইলী স্টার এর নির্বাহী সম্পাদক সৈয়দ আশরাফুল হক ও তার স্ত্রী তানিয়া খন্দকারের বাসায় কাজ করতেন। গত ৬ ফেব্রুয়ারি ২০২৪ আনুমানিক সকাল আটটার দিকে ওই ভবনের নয়তলা থেকে কিশোরী গৃহকর্মী পাশের দোতলা টিনশেডের ওপর পড়ে। তাকে উদ্ধার করে শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে সেখানে কর্তব্যরত চিকিৎসক ওই কিশোরীকে মৃত ঘোষণা করেন।

সাম্প্রতিক বছরগুলোতে গৃহকর্মে নিযুক্ত শ্রমিকের উপর নির্যাতন, হত্যা, ও মানবাধিকার লংঘনের মতো প্রভৃতি ঘটনা উদ্বেগজনক ভাবে বেড়ে গেছে। গৃহশ্রমিক হিসেবে যেমন তাদের রয়েছে কিছু ন্যায্য অধিকার তেমনি রয়েছে মানুষ হিসেবে মর্যাদা পাবার অধিকার। দেশব্যাপী গৃহশ্রমিকদের সুরক্ষায় প্রণীত ‘গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি ২০১৫’ বাস্তবায়ন না হওয়া এবং গৃহশ্রমিকদের শ্রম আইনে অন্তর্ভুক্ত না হওয়ায় দেশে একের পর এক গৃহশ্রমিকের মৃত্যু ও নির্যাতনের ঘটনা ঘটেছে। বিচারহীনতার কারণে দোষীরা বার বার গৃহশ্রমিকদের উপর নির্যাতনের সাহস পায়। যদি এসব ঘটনায় দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হয়, তাহলে সেই ভয়ে আর কেউ গৃহশ্রমিকদের নির্যাতনের সাহস দেখাবে না।

সুতরাং এই ঘটনায় দায়ী ব্যক্তিকে দ্রুত বিচারের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছে গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক।

গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর পক্ষে-

আবুল হোসাইন

ভারপ্রাপ্ত সমন্বয়কারী

গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক

নাজমা ইয়াসমীন

সদস্য সচিব

গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক